

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/৫৪

তারিখঃ ২০/০১/২০১৫

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের ১৩/০৭/২০১৪ ইং তারিখের স্মারক নং- পা ক লো-এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ০৬/০১/২০১৫ খ্রিঃ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার পটুয়াখালী সদর উপজেলাধীন পাজাখালী কলেজ-এর পাঠদানের অনুমিত মেয়াদ ০১/০৭/২০০৯ হতে ৩০/০৬/২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

অনুমতির সময়সীমা ৩০/০৬/২০১৪ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হবার পর পুনরায় অনুমতি নবায়ন করা না হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয় ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

## শাখা ও বিষয়ঃ

- ০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)।
- ০২। নৈর্বাচনিক বিষয় :
- (ক) মানবিক শাখা : পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজ কল্যাণ, ইসলাম শিক্ষা ও যুক্তিবিদ্যা।
- (খ) ব্যবসায় শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা এবং সাচিবিক বিদ্যা অফিস ব্যবস্থাপনা।

উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখঃ ১৩ জুন, ২০১৩ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তিতে একাদশ-দ্বাদশ শ্রেণীর পরিমার্জিত বিষয় কাঠামোর প্রেক্ষিতে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়ের পাঠদান বাতিল করা হলো।

## শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষা বর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ০৩। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ০৪। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করা সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৬। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৭। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে
- ০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১০। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল  
ফোনঃ ০৪৩১-৬৪৭৪৫।

অধ্যক্ষ

পাজাখালী কলেজ

ডাক : কুড়িপাইকা, উপজেলা : পটুয়াখালী সদর, জেলা : পটুয়াখালী।

অবগতি ও কার্যার্থে তিবরণ

- ০১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০২। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০৩। সংরক্ষণ কপি।